



শেখ হাসিনার রায় নিয়ে দেশে কোনো আতঙ্ক নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

শেখ হাসিনার মামলার রায়কে কেন্দ্র করে দেশে সামগ্রিক পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তার ভাষায়, “ছোটখাটো কিছু ঘটনার বাইরে বড় কোনো নাশকতা হয়নি।”

সোমবার (১৭ নভেম্বর) আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, রায় কার্যকর করার প্রক্রিয়ায় শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার জন্য ভারতকে পূর্বেও চিঠি পাঠানো হয়েছিল। প্রয়োজন হলে আবারও আনুষ্ঠানিকভাবে জানানো হবে।

অপরদিকে, রোববার (১৬ নভেম্বর) যানবাহনে আগুন ও ককটেল ছোড়াসহ নাশকতা প্রতিরোধে ‘দেখামাত্র’ কঠোর ব্যবস্থা নিতে নির্দেশ দেন ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। প্রয়োজনে গুলি চালানোর কথাও উল্লেখ করেন তিনি। এ বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, “আত্মরক্ষা ও জননিরাপত্তার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার অধিকার সবার আছে।”

এদিকে, জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় ট্রাইব্যুনাল আজ যে রায় দেয়, তাতে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যুদণ্ড বহাল থাকে। একই মামলায় সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকেও ফাঁসির দণ্ড দেয়া হয়েছে। আর রাজসাক্ষী ও সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুনকে পাঁচ বছরের কারাদণ্ডে দণ্ডিত করেছেন আদালত। বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই রায় ঘোষণা করেন।